

পটুয়াখালীতে  
বালিকা বিদ্যালয়ে  
সন্ত্রাসীদের তাওব  
পরীক্ষা পণ্ড

পটুয়াখালী অফিস •

পটুয়াখালী সদর উপজেলার ইটবাড়িয়া ইউনিয়নের যোপখালী দালাল মিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল সোমবার সন্ত্রাসী হামলার অভিযোগ পাওয়া গেছে। সন্ত্রাসীরা ছাত্রীদের প্রথম ও পরীক্ষার খাতা ছিনিয়ে নেয়। এ কারণে পণ্ড হয়ে যায় বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা।

স্থানীয়রা জানান, ১৯৮৩ সালে দুই একর ২৩ শতাংশ জমির ওপর কুলের স্থাপিত হয়। কুলের জমিদার দালাল মিয়ার তিন নাতি কুলের মাঠের ৬৪ শতাংশ জমির মালিকানা দাবি করে আসছেন। এ নিয়ে আদালতে মামলাও চলছে।

কুলের শিক্ষক ও শিক্ষার্থীরা জানান, কুলের বার্ষিক পরীক্ষা চলছে। পরীক্ষা চলাকালে গতকাল সকালে দালাল মিয়ার নাতি আবদুস ছালাম তাঁর লোকজন নিয়ে কুলে হামলা চালান। তাঁরা কুলের মাঠে গাছ রোপণ করেন। পরে শ্রেণীকক্ষে ঢুকে তাওব চালানো হয়।

প্রধান শিক্ষক মো. জাকির হোসেন জানান, অবৈধভাবে কুলের মাঠের জমি দখলের উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে আবদুস ছালাম ও তাঁর সহযোগীরা ভয়ভীতি প্রদর্শন করে আসছেন।

তবে ছালাম বলেন, কুলের মাঠের অংশে তাঁর জমি রয়েছে। এ নিয়ে মামলা চলছে। কুলে হামলা ও ভয়ভীতির বিষয়টি সত্য নয়।